গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার




# ইপিআই ই-ট্র্যাকার ব্যবহারের নির্দেশিকা

সম্প্রসারিত টিকাদান কর্মসূচি (ইপিআই)
স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

আপনার স্বাস্থ্য আমাদের অঙ্গীকার
HPNSP
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

# ইপিআই ই-ট্র্যাকার ব্যবহারের নির্দেশিকা

সম্প্রসারিত টিকাদান কর্মসূচি (ইপিআই)
স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

### বিশেষ কৃতজ্ঞতা

অধ্যাপক ডাঃ আবুল কালাম আজাদ
মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর

### সার্বিক তত্ত্বাবধান

ডাঃ সুলতান মোঃ শামসুজ্জামান, পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর এবং লাইন ডাইরেক্টর, এমএনসিএন্ডএএইচ, স্বাস্থ্য অধিদপ্তর

ডাঃ আব্দুস সালাম, পরিচালক, ওএসডি, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর

ডাঃ মওলা বক্‌স চৌধুরী, প্রোগ্রাম ম্যানেজার, ইপিআই, স্বাস্থ্য অধিদপ্তর

ডাঃ রেজাউর রহমান খান, ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার, আইইসি অ্যান্ড বিসিসি, ইপিআই, স্বাস্থ্য অধিদপ্তর

ডাঃ জুসি মেরিনা অধিকারী, ইম্যুনাইজেশন স্পেশালিস্ট, ইউনিসেফ, বাংলাদেশ

ডাঃ রাজেন্দ্র বোহারা, টিম লিডার, আইভিডি, বিশ্ব স্বাস্থ্য সংস্থা, বাংলাদেশ

### সম্পাদক

মোঃ জাহিদ হোসেন সাহেদ, কনসালটেন্ট (আইএসসিএল), ইউনিসেফ, বাংলাদেশ

### আরও অবদান রেখেছেন

ডাঃ ফারুক আহমেদ, ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার, প্রকিউরমেন্ট অ্যান্ড সাপ্লাই, ইপিআই, স্বাস্থ্য অধিদপ্তর

ডাঃ মোহাম্মদ রশিদুল আলম, ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার, ইপিআই অ্যান্ড সারভেইল্যান্স, স্বাস্থ্য অধিদপ্তর

কোহিনূর বেগম, ট্রেনিং অফিসার, ইপিআই অ্যান্ড সারভেইল্যান্স, স্বাস্থ্য অধিদপ্তর

ডাঃ মোহম্মদ জাহিদ হায়দার, মেডিকেল অফিসার, ইপিআই অ্যান্ড সারভেইল্যান্স, স্বাস্থ্য অধিদপ্তর

ডাঃ যুবায়ের আহমেদ, মেডিকেল অফিসার, ইপিআই অ্যান্ড সারভেইল্যান্স, স্বাস্থ্য অধিদপ্তর

মোঃ মেসবাহুল হক, কোল্ড চেইন ইঞ্জিনিয়ার, ইপিআই অ্যান্ড সারভেইল্যান্স, স্বাস্থ্য অধিদপ্তর

ডাঃ জাহিদ হাসান, হেলথ অফিসার, ইউনিসেফ, বাংলাদেশ

ডাঃ জান্নাতুল ফেরদৌস, হেলথ অফিসার, ইউনিসেফ, বাংলাদেশ

ডাঃ চিরঞ্জিত দাস, এনপিও, ইম্যুনাইজেশন, বিশ্ব স্বাস্থ্য সংস্থা, বাংলাদেশ

মোঃ মাসুদ পারভেজ, কনসালটেন্ট (এইচএমআইএস), ইউনিসেফ, বাংলাদেশ

ডাঃ শারমিন দৌলাহ্, কনসালটেন্ট (ইপিআই), ইউনিসেফ, বাংলাদেশ

প্রকাশন কাল : এপ্রিল ২০১৯

কারিগরি ও মুদ্রণ সহায়তা : ইউনিসেফ, বাংলাদেশ

# সূচিপত্র

অধ্যায় : ১

ডিএইচআইএস ২ ..... ৭

সহায়িকার উদ্দেশ্য ..... ৭

ডিএইচআইএস ২ তে লগ ইন করার নিয়ম (অ্যান্ড্রয়েডবেজড/মোবাইল অ্যাপস) ..... ৭

ডিএইচআইএস ২ তে লগ ইন করার নিয়ম (ওয়েববেজড) ..... ৯

অধ্যায় : ২

ইপিআই ই-ট্র্যাকার ..... ১১

শিশু রেজিস্ট্রেশন ও টিকাদানের তথ্য প্রদানের প্রক্রিয়া (অ্যান্ড্রয়েডবেজড মোবাইল অ্যাপসের মাধ্যমে) ..... ১১

প্রথম ধাপ : ইপিআই শিশু রেজিস্ট্রেশন বইতে উদ্দিষ্ট সকল শিশুর রেজিস্ট্রেশন ..... ১১

দ্বিতীয় ধাপ : ইপিআই ই-ট্র্যাকারে উদ্দিষ্ট সকল শিশুর রেজিস্ট্রেশন ..... ১১

তৃতীয় ধাপ : ই-ট্র্যাকারে রেজিস্ট্রেশনকৃত শিশুর টিকা প্রাপ্তির তথ্য প্রদানের নিয়মাবলী ..... ১৪

চতুর্থ ধাপ : ই-ট্র্যাকারে রেজিস্ট্রেশনকৃত নির্দিষ্ট কোনো শিশুর তথ্য খুঁজে পেতে হলে নিচের ধাপগুলো অনুসরণ করুন ..... ১৭

পঞ্চম ধাপ : অকার্যকর (Invalid) ডোজের ক্ষেত্রে ই-ট্র্যাকারে তথ্য প্রদানের নিয়মাবলী ..... ২০

ষষ্ঠ ধাপ : ই-ট্র্যাকার এ রেজিস্ট্রেশনকৃত টিকা প্রাপ্য, বাদপড়া ও ঝরে পড়া শিশুর তালিকা পেতে হলে নিচের ধাপগুলো অনুসরণ করুন ..... ২১

অধ্যায় : ৩

ইপিআই ই-ট্র্যাকার ..... ২৩

শিশু রেজিস্ট্রেশন ও টিকাদানের তথ্য প্রদানের প্রক্রিয়া (ওয়েববেজড) ..... ২৩

প্রথম ধাপ : ইপিআই শিশু রেজিস্ট্রেশন বইতে উদ্দিষ্ট সকল শিশুর রেজিস্ট্রেশন ..... ২৩

দ্বিতীয় ধাপ : ইপিআই ই-ট্র্যাকারে উদ্দিষ্ট সকল শিশুর রেজিস্ট্রেশন ..... ২৩

তৃতীয় ধাপ : ই-ট্র্যাকারে রেজিস্ট্রেশনকৃত শিশুর টিকা প্রাপ্তির তথ্য প্রদানের নিয়মাবলী ..... ২৫

চতুর্থ ধাপ : ই-ট্র্যাকারে রেজিস্ট্রেশনকৃত নির্দিষ্ট কোনো শিশুর তথ্য খুঁজে পেতে হলে নিচের ধাপগুলো অনুসরণ করুন ..... ২৯

পঞ্চম ধাপ : অকার্যকর (Invalid) ডোজের ক্ষেত্রে ই-ট্র্যাকারে তথ্য প্রদানের নিয়মাবলী ..... ৩১

অধ্যায় : ৪

তদারককারীগণের দায়িত্ব ..... ৩৩

# অধ্যায় : ১

## ডিএইচআইএস ২

ডিএইচআইএস-২ একটি ওয়েববেজড সফটওয়ার। কম্পিউটারে ইন্টারনেট সংযোগ থাকলে পৃথিবীর যেকোনো প্রান্ত থেকে অনলাইনে রিপোর্ট প্রেরণ করা যায়। ইপিআই প্রোগ্রামসহ স্বাস্থ্য অধিদপ্তরের অন্যান্য কার্যক্রমের তথ্য এই সফ্টওয়্যারের মাধ্যমে প্রেরণ করা হয়। ২০১৩ সাল থেকে জেলা ও উপজেলা পর্যায় হতে মা ও শিশুর টিকাদানের তথ্য এবং টিকা ও অন্যান্য মজুদের তথ্য ডিএইচআইএস-২ এর মাধ্যমে প্রেরণ করা হচ্ছে এবং বর্তমানে এ রিপোর্টের হার প্রায় ৯৯%। (সূত্র: ডিএইচআইএস)

ই-ট্র্যাকার বা ইলেকট্রনিক ট্র্যাকিং সিস্টেমের মাধ্যমে নিবন্ধিত কোনো ব্যক্তির সেবা গ্রহণের সব তথ্য যেমন, সেবা গ্রহণের তারিখ, স্থান এবং সেবার ধরণ ইত্যাদি ইলেকট্রনিক ডিভাইসের মাধ্যমে পর্যবেক্ষণ করা যায়। ইপিআই ট্র্যাকার ব্যবহারকারী কম্পিউটার, মোবাইল বা ট্যাবের মাধ্যমে অনলাইন বা অফলাইনে তথ্য প্রদান ও পর্যবেক্ষণ করতে পারবেন।

### সহায়িকার উদ্দেশ্য

১। ই-ট্র্যাকারের মাধ্যমে উদ্দিষ্ট শিশুকে টিকা প্রদানের লক্ষ্যে অনলাইনে রেজিস্ট্রেশন করার পদ্ধতি শিখতে পারবেন।


২। ই-ট্র্যাকারের মাধ্যমে উদ্দিষ্ট শিশুকে টিকাদানের তথ্য প্রদানের পদ্ধতি শিখতে পারবেন।

৩। ই-ট্র্যাকারের মাধ্যমে বাদপড়া শিশুদের চিহ্নিতকরণ পদ্ধতি শিখতে পারবেন।

৪। ই-ট্র্যাকারের মাধ্যমে অকার্যকর টিকার তথ্য পাবেন এবং সংশোধনের পদ্ধতি জানতে পারবেন।

### ডিএইচআইএস ২ তে লগ ইন করার নিয়ম (অ্যান্ড্রয়েডবেজড/মোবাইল অ্যাপস)

১। নিচের চিত্র অনুযায়ী অ্যান্ড্রয়েড অ্যাপস অপশন থেকে 'DHIS 2 Tracker Capture' অ্যাপস-এ ক্লিক করুন।




২। শুধুমাত্র প্রথমবার লগইন করতে 'Server URL' এবং আপনার 'User Name' ও 'Password' এর প্রয়োজন হবে।

সার্ভার লিঙ্ক: http://103.247.238.39/etracker_29





Username -

Password -


একবার সফলভাবে লগইন হলে পরবর্তীতে আর লগইন করার প্রয়োজন হবে না।




৩। হোম স্ক্রিন থেকে 'Choose Organization Unit'-এ ক্লিক করে আপনার কর্ম এলাকা অনুযায়ী নির্দিষ্ট ইপিআই কেন্দ্র নির্বাচন করুন। ইপিআই কেন্দ্র নির্বাচনের পর 'Choose Program'-এ ক্লিক করে 'Immunization and Child Health' নির্বাচন করুন।

| | |
|---|---|
| ১. 'Choose Organization Unit'-এ ক্লিক করুন   | ২. আপনার কর্ম এলাকা অনুযায়ী নির্দিষ্ট ইপিআই কেন্দ্র নির্বাচন করুন   |
| ৩. 'Choose Program'-এ ক্লিক করুন   | ৪. 'Immunization and Child Health' নির্বাচন করুন   |

৪। আপনার এই কেন্দ্রের অধীন পূর্বে রেজিস্ট্রেশনকৃত সকল শিশুর তালিকা দেখতে পাবেন।




**শিশুর রেজিস্ট্রেশন এবং টিকাদানের তথ্য প্রদানের জন্য পরবর্তী পরিচ্ছদ অনুসরণ করুন।**

## ডিএইচআইএস ২ তে লগ ইন করার নিয়ম (ওয়েববেজড)

প্রথমে আপনার কম্পিউটারে ইন্টারনেট সংযোগ নিশ্চিত করে নিচের ধাপগুলো অনুসরণ করুন-

১। একটি ব্রাউজার ওপেন করুন এবং অ্যাড্রেস বারে http://www.dghs.gov.bd টাইপ করে এন্টার চাপুন। DHIS 2-এ রিপোর্ট করার সময় ভাল পারফরম্যান্স পেতে Google Chrome ব্যবহারের পরামর্শ দেওয়া হয়। নিচে Google Chrome-এর আইকন দেওয়া হলো।




Google Chrome

২। এরপর হোম পেজ-এর বাম দিকে DHIS-2 Online Data Entry ক্লিক করুন। তারপর E-Tracker Server-এ ক্লিক করুন।

৩। লগ ইন পেজে-এ ইউজার নেম এবং পাসওয়ার্ড লিখে sign in-এ ক্লিক করুন। প্রত্যেক ওয়ার্ড/কর্মীর নির্দিষ্ট পাসওয়ার্ড দেয়া আছে। যেমন : User: EPI Cold Chain, Pass: Pentavalent1, User: EVM, Pass: Pentavalent2, User: EPIHQ, Pass: Pentavalent3

**চিত্রে দেখুন**


### প্রথম ধাপ



## দ্বিতীয় ধাপ




## তৃতীয় ধাপ




## চতুর্থ ধাপ



# অধ্যায় : ২

## ইপিআই ই-ট্র্যাকার

ইপিআই ই-ট্র্যাকার ডিএইচআইএস-২ তে নতুন সংযোজন করা হয়েছে। ইপিআই ই-ট্র্যাকার এর মাধ্যমে টিকাপ্রাপ্ত সকল শিশুর তথ্য প্রেরণ ও পর্যবেক্ষণ করা যাবে। ডিএইচআইএস-২ তে সংযোজিত ইপিআই ই-ট্র্যাকারে নিবন্ধিত সকল শিশুর তথ্য লিপিবদ্ধ এবং পর্যবেক্ষণের মাধ্যমে টিকাদান কার্যক্রমের অগ্রগতি মূল্যায়ন করা যাবে। ই-ট্র্যাকারের মাধ্যমে নিচের কাজগুলো করা যাবে:

১। জেলা, উপজেলা, পৌরসভা এবং সিটি কর্পোরেশন পর্যায়ের ইপিআই উদ্দিষ্ট সকল শিশুকে রেজিস্ট্রেশন করা যাবে।

২। জেলা, উপজেলা, পৌরসভা এবং সিটি কর্পোরেশনের টিকাপ্রাপ্ত সকল শিশুর টিকাদানের তথ্য সংরক্ষণ ও প্রেরণ করা যাবে।

৩। জেলা, উপজেলা, পৌরসভা এবং সিটি কর্পোরেশনের টিকাপ্রাপ্ত সকল শিশুর তালিকা পর্যবেক্ষণ করা যাবে।

৪। বাদ পড়া এবং অকার্যকর টিকাপ্রাপ্ত শিশুদের তালিকা প্রস্তুত করা যাবে।

## শিশু রেজিস্ট্রেশন ও টিকাদানের তথ্য প্রদানের প্রক্রিয়া (অ্যান্ড্রয়েডবেজড মোবাইল অ্যাপসের মাধ্যমে)

### প্রথম ধাপ : ইপিআই শিশু রেজিস্ট্রেশন বইতে উদ্দিষ্ট সকল শিশুর রেজিস্ট্রেশন

স্বাস্থ্য সহকারীগণ/টিকাদানকারী নিজ নিজ এলাকার সকল শিশুর রেজিস্ট্রেশনের তথ্য “নবজাত শিশুদের রেজিস্ট্রেশন ও টিকাদান তথ্য” বইতে লিপিবদ্ধ করবেন।


### দ্বিতীয় ধাপ : ইপিআই ই-ট্র্যাকারে উদ্দিষ্ট সকল শিশুর রেজিস্ট্রেশন

“নবজাত শিশুদের রেজিস্ট্রেশন ও টিকাদান তথ্য” বইতে লিপিবদ্ধকৃত সকল তথ্য সঠিকভাবে ই-ট্র্যাকারে পূরণ করুন। শিশু রেজিস্ট্রেশন বই, ই-ট্র্যাকার এবং শিশু কার্ডের তথ্য একই হতে হবে। আপনার কর্ম এলাকার সকল নবজাত শিশু এবং সময়সূচি অনুযায়ী টিকা পাওয়ার যোগ্য অন্যান্য সকল শিশুদের (রেজিস্ট্রেশন বইয়ে রেজিস্ট্রেশনকৃত) ই-ট্র্যাকারে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।

১। হোম স্ক্রিনের (+) চিহ্নে ক্লিক করুন।



২। ক্যালেন্ডার থেকে "Date of Birth" এবং "Registration Date"-এ তারিখ নির্বাচন করে "Ok" বাটনে ক্লিক করুন।





৩। "EPI Registration Number" স্বয়ংক্রিয়ভাবে পূরণ হবে, আপনি এই নাম্বারটি অবশ্যই "নবজাত শিশুদের রেজিস্ট্রেশন ও টিকাদান তথ্য" বইতে এবং শিশুর টিকাকার্ডে রেজিস্ট্রেশন নাম্বার হিসাবে লিখুন। এই নাম্বারটি সম্পূর্ণ ইউনিক নাম্বার।

৪। প্রোফাইলে উল্লেখিত শিশুর পূর্ণ নাম (Full Name), লিঙ্গ (Gender), জন্ম তারিখ (Birth Date), স্থানীয় সরকার কর্তৃক প্রদত্ত জন্ম রেজিস্ট্রেশন নাম্বার (Birth Registration Number), মাতার নাম (Mother Name) (*), পিতার নাম (Father Name), মোবাইল নাম্বার (Mobile Number) (*), মায়ের শিক্ষাগত যোগ্যতা (Academic Qualification of the Mother) (*), পরিবারের মাসিক আয় (Family monthly income) (*), মহল্লা/ রাস্তার নাম্বার/নাম/পাড়া (Mohollah/Street No. /Para) লিখুন।


৫। প্রাথমিক সকল তথ্য পূরণের পর শিশুর টিকাদানের তথ্য পূরণ করতে চিত্র অনুযায়ী  বাটনে ক্লিক করুন এবং পরবর্তী ধাপে উল্লেখিত নিয়মানুসারে টিকাপ্রদানের তথ্য লিপিবদ্ধ করুন।

*** মনে রাখবেন '*' লাল তারকা চিহ্নিত তথ্যসমূহ অবশ্যই পূরণ করতে হবে, অন্যথায় শিশুর রেজিস্ট্রেশন করা যাবে না।





নিচের চিত্র অনুযায়ী ড্রপডাউন অপশন থেকে মায়ের শিক্ষাগত যোগ্যতা (Academic qualification of the Mother) এবং পরিবারের মাসিক আয় (Family monthly income) নির্বাচন করুন ।

১. Academic qualification of the Mother সিলেক্ট করুন




২. Family monthly income সিলেক্ট করুন



## তৃতীয় ধাপ : ই-ট্র্যাকারে রেজিস্ট্রেশনকৃত শিশুর টিকা প্রাপ্তির তথ্য প্রদানের নিয়মাবলী



প্রত্যেক রেজিস্ট্রেশনকৃত শিশুর টিকাপ্রাপ্তির তথ্য প্রদান করতে হবে। নিম্নে টিকা প্রাপ্তির সময়কাল বা ডোজ অনুযায়ী তথ্য প্রদানের ধাপসমূহ বর্ণণা করা হলো-

> **ই-ট্র্যাকারে শিশুর পূর্বে রেজিস্ট্রেশন না হয়ে থাকলে প্রথমে দ্বিতীয় ধাপে উল্লেখিত প্রক্রিয়া অনুসরণ করে শিশুর রেজিস্ট্রেশন সম্পন্ন করুন। অতঃপর টিকার ডোজ প্রাপ্তি অনুযায়ী বিস্তারিত তথ্য প্রদান করুন।**

### ১. OPV 0 Dose– Vaccination-এর তথ্য পূরণের ধাপসমূহ

শুধুমাত্র শিশুর জন্মের ১৪ দিনের মধ্যে OPV টিকা খাওয়ানো হয়ে থাকলে OPV 0 Dose– Vaccination তথ্য পূরণ করুন।

নিচের চিত্র অনুযায়ী OPV 0 Dose– Vaccination এ ক্লিক করুন এবং “OPV 0 dose vaccination session date”-এ ক্যালেন্ডার হতে তারিখ উল্লেখ করুন।


| ১. OPV 0 Dose– Vaccination | ২. OPV 0 dose vaccination session date-এ তারিখ উল্লেখ করুন |
|---|---|
|  |  |



১. “OPV 0 dose vaccine completed” ☐ বক্স এ ক্লিক করুন।

২. OPV 0 dose vaccination date-এ টিকাদানের তারিখ উল্লেখ করুন।


৩. “OPV 0” টিকাদানের তথ্য পূরণের পর অবশ্যই COMPLETE বাটনে ক্লিক করতে হবে।




## ২. BCG vaccination-এর তথ্য পূরণের ধাপসমূহ

নিচের চিত্র অনুযায়ী BCG Vaccination-এ ক্লিক করুন এবং BCG vaccination session date-এ ক্যালেন্ডার থেকে তারিখ উল্লেখ করুন ।

১. BCG Vaccination-এ ক্লিক করুন




২. BCG vaccination session date-এ ক্যালেন্ডার থেকে তারিখ উল্লেখ করুন




ক। বিসিজি টিকাদানের পর “BCG vaccine completed” □ বক্স এ ক্লিক করুন ।

খ। “BCG vaccination date”-এ টিকাদানের তারিখ উল্লেখ করুন ।


গ। “BCG” টিকাদানের তথ্য পূরণের পর অবশ্যই COMPLETE বাটনে ক্লিক করতে হবে ।

## ৩. 1st Dose (6 week)–Vaccination-এর তথ্য পূরণের ধাপসমূহ


ক। নিচের চিত্র অনুযায়ী 1st Dose (6 week)–Vaccination-এ ক্লিক করুন ।

খ। “1st dose vaccination session date”-এ ক্লিক করুন । অতঃপর একটি বক্স আসবে যেখানে নিচের চিত্র অনুযায়ী ক্যালেন্ডার থেকে টিকাদানের তথ্য পূরণের তারিখ উল্লেখ করতে হবে ।


১. 1st Dose (6 week)–Vaccination-এ ক্লিক করুন





২. 1st dose vaccination session date-এ ক্লিক করুন



গ। “1st dose vaccination date”-এ তারিখ নির্বাচন করার পর ১ম ডোজের সকল টিকার তথ্য পূরণের জন্য নিচের বক্স আসবে এবং যে সকল টিকা প্রদান করা হয়েছে সে সকল টিকার ঘরে ক্লিক করুন।




ঘ। নিচের চিত্র অনুযায়ী, তারিখ দেয়ার ঘরে টিকাদানের তারিখ উল্লেখ করুন। যেমন, চিত্রে পেন্টা ১ম ডোজের টিকার তথ্য পূরণ দেখানো হলো।




ঙ। পেন্টা ১ম ডোজ টিকাদানের তথ্য পূরণের নিয়মানুযায়ী পিসিভি, ওপিভি এবং ফ্রাকশনাল আইপিভির ১ম ডোজের তথ্য পূরণ করুন।


চ। ১ম ডোজের সকল টিকাদানের তথ্য পূরণের পর অবশ্যই COMPLETE বাটনে ক্লিক করতে হবে। কোনো কারণে ১ম ডোজের সকল টিকা প্রদান না করা হয়ে থাকলে COMPLETE বাটনে ক্লিক করবেন না।

ছ। 2nd Dose (10 week) – Vaccination, 3rd Dose (14 week) – Vaccination, MR 1st Dose (9 month) – Vaccination এবং MR 2nd Dose (15 month) - Vaccination এর তথ্য পূরণের জন্য 1st Dose (6 week) – Vaccination এর তথ্য পূরণের ধাপসমূহ অনুসরণ করুন।

জ। শিশুর ৩য় ডোজ টিকা গ্রহণের সময় লক্ষ্য করুন বিসিজি টিকার দাগ/ গুটি হয়েছে কিনা? এ তথ্য আপনাকে "3rd Dose (14 week) – Vaccination" এর তথ্য প্রদানের সময় অবশ্যই পুরণ করতে হবে। বিসিজি টিকার দাগ/ গুটি হয়ে থাকলে "Yes" এ ক্লিক করুন, না হয়ে থাকলে শিশুকে পুনরায় বিসিজি টিকা প্রদান করুন এবং "No" এ ক্লিক করুন। "No" অপশনে ক্লিক করলে পুনরায় বিসিজি টিকাদানের তথ্য প্রদানের ঘর দেখতে পাবেন এখানে পূর্বের মত তথ্য প্রদান করুন।

ঝ। আপনার নির্দিষ্ট টিকাদান সেশন এর সময়সূচি অনুযায়ী ই-ট্র্যাকারে, শিশুর পরবর্তী টিকাদানের সময়সূচি পরিবর্তন করুন (প্রযোজ্য ক্ষেত্রে)। ই-ট্র্যাকারে পরবর্তী টিকাদানের সময়সূচি পরিবর্তনের নিয়মাবলী নিম্নে দেখান হলো -

১ম ডোজ টিকার সকল তথ্য পূরণের পর একই সেশনে শিশুর পরবর্তী ডোজ এর সেকশনের "Reschedule due date" এর তারিখ আপনার এই ইপিআই সাইটের পরবর্তী সেশন এর তারিখ অনুযায়ী নির্বাচন করুন। । "2nd dose vaccination due date" এর পাশে "Reschedule due date" এর লিঙ্ক দেওয়া আছে এবং তার নিচে শিশুর পরবর্তী ডোজ এর তারিখ দেওয়া আছে। লক্ষ্য করুন, তারিখ দেওয়ার ঘরটি নিষ্ক্রিয় হয়ে আছে। "Reschedule due date" এর লিঙ্ক এ ক্লিক করুন।





লিঙ্ক এ ক্লিক করলে নিচের চিত্র অনুযায়ী তারিখ এর ঘরটি সক্রিয় হবে। এবার তারিখ এর ঘরটিতে ক্লিক করলে ক্যালেন্ডার পাবেন, এ ক্যালেন্ডার হতে আপনার এই ইপিআই সাইটের পরবর্তী সেশন এর তারিখ নির্বাচন করুন।

**আপনার সেশন প্ল্যান অনুযায়ী শিশুর পরবর্তী সকল টিকাদানের সময়সূচি পরিবর্তন করা প্রয়োজন এই কারণে যে, শিশুর মাতা বা পিতা বা যার মোবাইল নাম্বার দিয়ে শিশুকে ই-ট্র্যাকারে রেজিস্ট্রেশন করা হয়েছে তার কাছে একটি বার্তা যাবে শিশুকে উল্লেখিত দিনে টিকাদান কেন্দ্রে নিয়ে আসার জন্য।**

## চতুর্থ ধাপ : ই-ট্র্যাকারে রেজিস্ট্রেশনকৃত নির্দিষ্ট কোনো শিশুর তথ্য খুঁজে পেতে হলে নিচের ধাপগুলো অনুসরণ করুন।


১. আপনার নিজ এলাকার রেজিস্ট্রেশনকৃত নির্দিষ্ট কোনো শিশুর তথ্য খুঁজে পেতে নিচের চিত্র অনুযায়ী ক্লিক করুন।



২. নিচের চিত্রে প্রদর্শিত মোট ৭টি সার্চ অপশনের যেকোনো এক বা একাধিক অপশন ব্যবহার করে রেজিস্ট্রেশনকৃত শিশুর তথ্য খুঁজে পাবেন। সার্চ অপশনে সংশ্লিষ্ট তথ্য দিয়ে সার্চ " " বাটনে ক্লিক করুন।





৩. নিজ কর্ম এলাকার বাইরের কোনো ই-ট্র্যাকারে রেজিস্ট্রেশনকৃত শিশু টিকা নিতে আসলে ঐ শিশুর তথ্য খুঁজে পেতে নিচের চিত্র অনুযায়ী ক্লিক করুন।



৪. নিচের চিত্রে প্রদর্শিত মোট ৭টি সার্চ অপশনের যেকোনো এক বা একাধিক অপশন ব্যবহার করে রেজিস্ট্রেশনকৃত শিশুর তথ্য খুঁজে পাবেন। সার্চ অপশনে সংশ্লিষ্ট তথ্য দিয়ে সার্চ " " বাটনে ক্লিক করুন।




৫. নির্দিষ্ট তথ্য দিয়ে সার্চ করার পর এক বা একাধিক শিশুর তথ্য হতে কাঙ্ক্ষিত শিশুর তথ্য ডাউনলোড করার জন্য চিত্রে প্রদর্শিত সিলেক্ট অপশনে ক্লিক করুন।





৬. ডাউনলোড সম্পন্ন হলে আপনার ট্যাবের হোম স্ক্রিনের শিশুর তালিকায় ডাউনলোডকৃত শিশুর তথ্য সংযুক্ত হবে। অতঃপর উক্ত শিশুর টিকাপ্রদানের তথ্য নিয়ম অনুযায়ী লিপিবদ্ধ করুন।

## পঞ্চম ধাপ : অকার্যকর (Invalid) ডোজের ক্ষেত্রে ই-ট্র্যাকারে তথ্য প্রদানের নিয়মাবলী


সম্প্রসারিত টিকাদান কর্মসূচির সঠিক সময়সূচি অনুসরণ করে এবং ন্যূনতম বিরতি মেনে শিশুকে নির্দিষ্ট ডোজের টিকা প্রদান করতে হবে। তা না হলে সেই টিকা অকার্যকর হবে এবং ডোজটি বাতিল বলে গণ্য হবে। এক্ষেত্রে পূর্ববর্তী কার্যকর (Valid) ডোজের পর ন্যূনতম বিরতিতে পুনরায় এই বাতিল ডোজটি দিতে হবে।

অকার্যকর (Invalid) ডোজের ক্ষেত্রে (প্রযোজ্য ক্ষেত্রে) ই-ট্র্যাকার-এ তথ্য প্রদানের প্রক্রিয়া নিচে দেওয়া হলো:

১. শিশুর টিকার ডোজ অকার্যকর (Invalid) হলে নিচের চিত্র অনুযায়ী ই-ট্র্যাকার স্বয়ংক্রিয়ভাবে অকার্যকর (Invalid) ডোজের সতর্কীকরণ বার্তা প্রদান করবে।





২. পরবর্তীতে এই ডোজটি পুনরায় দেওয়ার জন্য নিচের চিত্র অনুযায়ী ই-ট্র্যাকারে স্বয়ংক্রিয়ভাবে এই ডোজের জন্য উদাহরণস্বরূপ- "Invalid 1st Dose correction" বক্স আসবে। পুনরায় এই ডোজটি দেয়ার সময়সূচি ঠিক করতে নিচের চিত্রে প্রদর্শিত "New"-এ ক্লিক করুন। যেকোনো "Invalid" ডোজের ক্ষেত্রে স্বয়ংক্রিয়ভাবে অনুরূপ বক্স আসবে।




৩. সময়সূচি অনুযায়ী তারিখ নির্বাচন করার জন্য নিচের চিত্র অনুযায়ী একটি বক্স আসবে। এই বক্সের তারিখের ঘরে ক্লিক করুন এবং ক্যালেন্ডার থেকে আপনার পরবর্তী টিকাদান সেশনের সময়সূচি অনুযায়ী তারিখ নির্বাচন করুন।

১. Correction date- এ ক্লিক করুন




২. ক্যালেন্ডার থেকে তারিখ নির্বাচন করুন





৪. তারিখ নির্বাচন করার পর নিচের চিত্র অনুযায়ী এই ডোজের টিকাদানের তথ্য প্রদানের বক্স আসবে। পূর্বে উল্লেখিত ধাপসমূহ অনুসরণ করে বা পূর্বের নিয়ম অনুযায়ী পরবর্তীতে টিকাদানের তথ্য প্রদান করবেন।

যেকোনো অকার্যকর ডোজের ব্যবস্থাপনা হিসাবে পরবর্তীতে শিশুকে সঠিক ডোজ প্রদান করুন এবং তথ্য প্রদানের ক্ষেত্রে উপরে বর্ণিত ধাপসমূহ অনুসরণ করুন। মনে রাখবেন, অকার্যকর ডোজের সতর্কীকরণ বার্তা পাওয়ার পর যে ডোজটি অকার্যকর হয়েছে তা পুনরায় প্রদান করতে হবে। এর জন্য আপনি অবশ্যই "Invalid Dose correction"-এর সময়সূচি আপনার পরবর্তী সেশনের সময়সূচি অনুযায়ী নির্ধারণ করবেন।


৫. অকার্যকর ডোজের ব্যবস্থাপনা হিসাবে পরবর্তীতে শিশুকে সঠিক ডোজ প্রদানের পর তথ্য প্রদানের জন্য উপরে বর্ণিত "চতুর্থ ধাপ: ই-ট্র্যাকারে নিবন্ধিত শিশুর টিকা প্রাপ্তির তথ্য প্রদানের নিয়মাবলী" অনুসরণ করুন।

## ষষ্ঠ ধাপ : ই-ট্র্যাকার এ রেজিস্ট্রেশনকৃত টিকা প্রাপ্য, বাদপড়া ও ঝরে পড়া শিশুর তালিকা পেতে হলে নিচের ধাপগুলো অনুসরণ করুন


১। নিচের চিত্র অনুযায়ী হোম স্ক্রিনের "Events" সার্চ আইকনে ক্লিক করুন।




২। আইকনে ক্লিক করার পর নিচের চিত্র অনুযায়ী বর্তমান তারিখ থেকে পরবর্তী ১৫ দিনের মধ্যে ঐ কেন্দ্রের যে সকল শিশু টিকাপ্রাপ্য হবে তাদের তালিকা দেখতে পাবেন। প্রয়োজন অনুযায়ী "End date" এর তারিখ পরিবর্তন করে টিকাপ্রাপ্য সকল শিশুর তালিকা দেখতে পাবেন।




৩। বাদপড়া ও ঝরে পড়া শিশুর তালিকা পেতে নিচের চিত্রে প্রদর্শিত স্থান (১) এ ক্লিক করে "CHOOSE FILTER" বক্স হতে "OVERDUE" নির্বাচন করুন। প্রয়োজন অনুযায়ী "Start date" এবং "End date" হতে তারিখ নির্বাচন করে "  " এ ক্লিক করুন।



# অধ্যায় : ৩

# ইপিআই ই-ট্র্যাকার

## শিশু রেজিস্ট্রেশন ও টিকাদানের তথ্য প্রদানের প্রক্রিয়া (ওয়েববেজড)


### প্রথম ধাপ : ইপিআই শিশু রেজিস্ট্রেশন বইতে উদ্দিষ্ট সকল শিশুর রেজিস্ট্রেশন

স্বাস্থ্য সহকারি/টিকাদানকারী নিজ নিজ এলাকার সকল শিশুর রেজিস্ট্রেশনের তথ্য “নবজাত শিশুদের রেজিস্ট্রেশন ও টিকাদান তথ্য” বইতে লিপিবদ্ধ করবেন।

### দ্বিতীয় ধাপ : ইপিআই ই-ট্র্যাকারে উদ্দিষ্ট সকল শিশুর রেজিস্ট্রেশন

“নবজাত শিশুদের রেজিস্ট্রেশন ও টিকাদান তথ্য” বইতে লিপিবদ্ধকৃত সকল তথ্য সঠিকভাবে ই-ট্র্যাকারে পূরণ করুন। শিশু রেজিস্ট্রেশন বই, ই-ট্র্যাকার এবং শিশু কার্ডের তথ্য একই হতে হবে। আপনার কর্ম এলাকার সকল নবজাত শিশু এবং সময়সূচি অনুযায়ী টিকা পাওয়ার যোগ্য অন্যান্য সকল শিশুদের (রেজিস্ট্রেশন বইয়ে রেজিস্ট্রেশনকৃত) ই-ট্র্যাকারে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।


১. 

এ ক্লিক করুন এরপর 


এ ক্লিক করুন ।তালিকা থেকে “Tracker capture” খুঁজে না পেলে 

এ “Tracker capture” লিখে সার্চ করুন।

২. নিচের চিত্র অনুযায়ী “অর্গানাইজেশন ট্রি” থেকে আপনার ইপিআই টিকাদান কেন্দ্র নির্বাচন করুন। আপনার উপজেলা/পৌরসভা/সিটি করপোরেশন পর্যন্ত DHIS-2 তে ব্যবহারের সুযোগ থাকলে শিশু রেজিস্ট্রেশনের জন্য পর্যায়ক্রমে উপজেলা/পৌরসভা/ইউনিয়ন/ওয়ার্ড/ইপিআই টিকাদান কেন্দ্র নির্বাচন করুন অথবা সরাসরি আপনার ইপিআই টিকাদান কেন্দ্র নির্বাচন করুন। সিটি করপোরেশনের ক্ষেত্রে পর্যায়ক্রমে সিটি করপোরেশন/জোন/ওয়ার্ড/ইপিআই টিকাদান কেন্দ্র নির্বাচন করুন অথবা সরাসরি আপনার ইপিআই টিকাদান কেন্দ্র নির্বাচন করুন। লক্ষ্য করুন, নির্বাচিত অর্গানাইজেশনের ফন্টের রং পরিবর্তিত হয়েছে।





৩. নিচের চিত্র অনুযায়ী ট্র্যাকার প্রোগ্রামের তালিকা থেকে “Immunization and Child Health Tracker” সিলেক্ট করুন।



৪. Register বাটনে ক্লিক করুন। নিচের চিত্র অনুযায়ী রেজিস্ট্রেশনের তথ্য পূরণের ফরম পাবেন।


৫. নিচের চিত্র অনুযায়ী প্রথমে “Enrollment”-এর তথ্য পূরণ করুন। শিশুর জন্ম তারিখ অনুযায়ী “Date of Birth”-এর ক্যালেন্ডার থেকে তারিখ নির্বাচন করুন। মনে রাখবেন, Enrollment এর “Date of Birth” অনুযায়ী Profile এ শিশুর জন্ম তারিখ (Birth Date) স্বয়ংক্রিয়ভাবে চলে আসবে। পরবর্তিতে "Birth date" এর কোন পরিবর্তন করা যাবে না। “Event date”-এর তারিখ পরিবর্তনের প্রয়োজন নেই।





৬. “EPI Registration Number” স্বয়ংক্রিয়ভাবে পূরণ হবে, আপনি এই নাম্বারটি অবশ্যই “নবজাত শিশুদের রেজিস্ট্রেশন ও টিকাদান তথ্য” বইতে এবং শিশুর টিকাকার্ডে রেজিস্ট্রেশন নাম্বার হিসাবে লিখুন। এই নাম্বারটি সম্পূর্ণ একক (Unique) নাম্বার।

৭. প্রোফাইলে উল্লেখিত শিশুর পূর্ণ নাম (Full Name), লিঙ্গ (Gender), জন্ম তারিখ (Birth Date), স্থানীয় সরকার কর্তৃক প্রদত্ত জন্ম রেজিস্ট্রেশন নাম্বার (Birth Registration Number), মাতার নাম (Mother Name) (*), পিতার নাম (Father Name), মোবাইল নাম্বার (Mobile Number) (*), মায়ের শিক্ষাগত যোগ্যতা (Academic Qualification of the Mother) (*), পরিবারের মাসিক আয় (Family monthly income) (*), মহল্লা/ রাস্তার নাম্বার/নাম/পাড়া (Mohollah/Street No. /Para) লিখুন।

***** মনে রাখবেন ‘*’ লাল তারকা চিহ্নিত তথ্যসমূহ অবশ্যই পূরণ করতে হবে, অন্যথায় শিশুর রেজিস্ট্রেশন করা যাবে না।**



নিচের চিত্র অনুযায়ী ড্রপডাউন অপশন থেকে মায়ের শিক্ষাগত যোগ্যতা (Academic qualification of the Mother) এবং পরিবারের মাসিক আয় (Family monthly income) নির্বাচন করুন।




৮. প্রাথমিক সকল তথ্য পূরণের পর শিশুর টিকাদানের তথ্য পূরণ করতে চিত্র অনুযায়ী Save and continue বাটনে ক্লিক করুন এবং তৃতীয় ধাপে উল্লেখিত নিয়মানুসারে টিকাপ্রদানের তথ্য লিপিবদ্ধ করুন।

৯. শুধুমাত্র শিশু রেজিস্ট্রেশন করার জন্য প্রাথমিক সকল তথ্য পূরণ করে Save and add new বাটনে ক্লিক করুন এবং একই নিয়মে পরবর্তী শিশুর রেজিস্ট্রেশন প্রক্রিয়া শুরু করুন।

১০. ই-ট্র্যাকারে রেজিস্ট্রেশনকৃত নির্দিষ্ট কোনো শিশুর তথ্য খুঁজে পেতে নিচের "চতুর্থ ধাপ" অনুসরণ করুন।


## তৃতীয় ধাপ : ই-ট্র্যাকারে রেজিস্ট্রেশনকৃত শিশুর টিকা প্রাপ্তির তথ্য প্রদানের নিয়মাবলী

প্রত্যেক রেজিস্ট্রেশনকৃত শিশুর টিকাপ্রাপ্তির তথ্য প্রদান করতে হবে। নিম্নে টিকা প্রাপ্তির সময়কাল বা ডোজ অনুযায়ী তথ্য প্রদানের ধাপসমূহ বর্ণনা করা হলো:

ই-ট্র্যাকারে শিশুর পূর্বে রেজিস্ট্রেশন না হয়ে থাকলে প্রথমে দ্বিতীয় ধাপে উল্লেখিত প্রক্রিয়া অনুসরণ করে শিশুর রেজিস্ট্রেশন সম্পন্ন করুন। এরপর টিকার ডোজ প্রাপ্তি অনুযায়ী বিস্তারিত তথ্য প্রদান করুন।

### ১. OPV 0 Dose – Vaccination-এর তথ্য পূরণের ধাপসমূহ

শুধুমাত্র শিশুর জন্মের ১৪ দিনের মধ্যে OPV টিকা খাওয়ানো হয়ে থাকলে OPV 0 Dose–Vaccination তথ্য পূরণ করুন।




প্রথমে 0 Dose –Vaccination-এ "OPV 0 dose vaccination session date"-এ তারিখ উল্লেখ করুন।

ক. "OPV 0 dose vaccine completed" □ বক্স এ ক্লিক করুন।

খ. "OPV 0 Vaccination date"-এ টিকাদানের তারিখ উল্লেখ করুন।


গ. "OPV 0" টিকাদানের তথ্য পূরণের পর অবশ্যই Complete বাটনে ক্লিক করতে হবে।

## ২. BCG vaccination-এর তথ্য পূরণের ধাপসমূহ

প্রথমে BCG Vaccination-এর "BCG vaccination session date"-এ তারিখ উল্লেখ করুন ।

ক. বিসিজি টিকাদানের পর "BCG vaccine completed" ☐ বক্স এ ক্লিক করুন ।

খ. "BCG vaccination date"-এ টিকাদানের তারিখ উল্লেখ করুন ।





গ. "BCG" টিকাদানের তথ্য পূরণের পর অবশ্যই **Complete** বাটনে ক্লিক করতে হবে ।


## ৩. 1st Dose (6 week) – Vaccination-এর তথ্য পূরণের ধাপসমূহ

ক. নিচের চিত্র অনুযায়ী 1st Dose (6 week) – Vaccination-এ ক্লিক করুন ।


খ. "1st dose vaccination session date"-এ ক্লিক করুন । এরপর একটি বক্স আসবে যেখানে নিচের চিত্র অনুযায়ী ক্যালেন্ডার থেকে টিকাদানের তথ্য পূরণের তারিখ উল্লেখ করতে হবে ।



গ. “1st dose vaccination date”-এ তারিখ নির্বাচন করার পর ১ম ডোজের সকল টিকার তথ্য পূরণের জন্য নিচের বক্স আসবে এবং যে সকল টিকা প্রদান করা হয়েছে সেসকল টিকার ঘরে ক্লিক করুন ।




ঘ. নিচের চিত্র অনুযায়ী, তারিখ দেওয়ার ঘরে টিকাদানের তারিখ উল্লেখ করুন । যেমন, চিত্রে পেন্টা ১ম ডোজের টিকার তথ্য পূরণ দেখানো হলো ।




ঙ. পেন্টা ১ম ডোজ টিকাদানের তথ্য পূরণের নিয়মানুযায়ী পিসিভি, ওপিভি এবং ফ্রাকশনাল আইপিভির ১ম ডোজের তথ্য পূরণ করুন ।


চ. ১ম ডোজের সকল টিকাদানের তথ্য পূরণের পর অবশ্যই **Complete** বাটনে ক্লিক করতে হবে । কোন কারণে ১ম ডোজের সকল টিকা প্রদান না করা হয়ে থাকলে **Complete** বাটনে ক্লিক করবেন না ।

৪. 2nd Dose (10 week)–Vaccination, 3rd Dose (14 week)–Vaccination, MR 1st Dose (9 month)–Vaccination এবং MR 2nd Dose (15 month)-Vaccination-এর তথ্য পূরণের জন্য 1st Dose (6 week) – Vaccination-এর তথ্য পূরণের ধাপসমূহ অনুসরণ করুন ।


৫. শিশুর ৩য় ডোজ টিকা গ্রহণের সময় লক্ষ্য করুন বিসিজি টিকার দাগ/ গুটি হয়েছে কিনা? এ তথ্য আপনাকে "3rd Dose (14 week) – Vaccination" এর তথ্য প্রদানের সময় অবশ্যই পুরণ করতে হবে। বিসিজি টিকার দাগ/ গুটি হয়ে থাকলে "Yes" এ ক্লিক করুন, না হয়ে থাকলে শিশুকে পুনরায় বিসিজি টিকা প্রদান করুন এবং "No" এ ক্লিক করুন। "No" অপশনে ক্লিক করলে পুনরায় বিসিজি টিকাদানের তথ্য প্রদানের ঘর দেখতে পাবেন এখানে পূর্বের মত তথ্য প্রদান করুন।

৬. আপনার নির্দিষ্ট টিকাদান সেশনের সময়সূচি অনুযায়ী ই-ট্র্যাকারে, শিশুর পরবর্তী টিকাদানের সময়সূচি পরিবর্তন করুন (প্রযোজ্য ক্ষেত্রে)। ই-ট্র্যাকারে পরবর্তী টিকাদানের সময়সূচি পরিবর্তনের নিয়মাবলী নিম্নে দেখানো হলো:

ক. ১ম ডোজ টিকার সকল তথ্য পূরণের পর একই সেশনে শিশুর পরবর্তী ডোজের সেকশনের “Reschedule due date”-এর তারিখ আপনার এই ইপিআই সাইটের পরবর্তী সেশনের তারিখ অনুযায়ী নির্বাচন করুন। “2nd dose vaccination due date”-এর পাশে “Reschedule due date”-এর লিঙ্ক দেয়া আছে এবং তার নিচে শিশুর পরবর্তী ডোজের তারিখ দেয়া আছে। লক্ষ্য করুন, তারিখ দেয়ার ঘরটি নিষ্ক্রিয় হয়ে আছে। “Reschedule due date”-এর লিঙ্কে ক্লিক করুন।




খ. লিঙ্কে ক্লিক করলে নিচের চিত্র অনুযায়ী তারিখের ঘরটি সক্রিয় হবে। এবার তারিখের ঘরটিতে ক্লিক করলে ক্যালেন্ডার পাবেন, এ ক্যালেন্ডার থেকে আপনার এই ইপিআই সাইটের পরবর্তী সেশনের তারিখ নির্বাচন করুন।




আপনার সেশন প্ল্যান অনুযায়ী শিশুর পরবর্তী সকল টিকাদানের সময়সূচি পরিবর্তন করা প্রয়োজন এ কারণে যে, শিশুর মাতা বা পিতা বা যার মোবাইল নাম্বার দিয়ে শিশুকে ই-ট্র্যাকারে রেজিস্ট্রেশন করা হয়েছে তার কাছে একটি বার্তা যাবে শিশুকে উল্লেখিত দিনে টিকাদান কেন্দ্রে নিয়ে আসার জন্য।

**চতুর্থ ধাপ : ই-ট্র্যাকারে রেজিস্ট্রেশনকৃত নির্দিষ্ট কোনো শিশুর তথ্য খুঁজে পেতে হলে নিচের ধাপগুলো অনুসরণ করুন।**


১. 

এ ক্লিক করুন এরপর 

এ ক্লিক করুন । তালিকা থেকে "Tracker capture" খুঁজে না পেলে 

এ "Tracker capture" লিখে সার্চ করুন।


২. নিচের চিত্র অনুযায়ী "অর্গানাইজেশন ট্রি" থেকে আপনার ইপিআই টিকাদান কেন্দ্র নির্বাচন করুন। আপনার উপজেলা/ পৌরসভা/ সিটি করপোরেশন পর্যন্ত DHIS-2 তে ব্যবহারের সুযোগ থাকলে শিশু রেজিস্ট্রেশনের জন্য পর্যায়ক্রমে উপজেলা/পৌরসভা>ইউনিয়ন>ওয়ার্ড/ ইপিআই টিকাদান কেন্দ্র নির্বাচন করুন অথবা সরাসরি আপনার ইপিআই টিকাদান কেন্দ্র নির্বাচন করুন । সিটি করপোরেশনের ক্ষেত্রে পর্যায়ক্রমে সিটি করপোরেশন>জোন>ওয়ার্ড-ইপিআই টিকাদান কেন্দ্র নির্বাচন করুন অথবা সরাসরি আপনার ইপিআই টিকাদান কেন্দ্র নির্বাচন করুন। লক্ষ্য করুন, নির্বাচিত অর্গানাইজেশনের ফন্টের রং পরিবর্তিত হয়েছে।




৩. নিচের চিত্র অনুযায়ী ট্র্যাকার প্রোগ্রামের তালিকা থেকে "Immunization and Child Health Tracker" সিলেক্ট করুন।




৪. আপনার Organization unit-এ রেজিস্ট্রেশনকৃত টিকাপ্রাপ্ত সকল শিশুর তালিকা দেখতে পাবেন। প্রয়োজন অনুযায়ী sort করে নিন। Sort করার জন্য নিচের চিত্রে বৃত্তাকার চিহ্নিত অংশের উপরে এবং নিচের দিকে নির্দেশিত তীর চিহ্নে ক্লিক করুন।




৫. রেজিস্ট্রেশনকৃত শিশুর তথ্য দেখার জন্য এবং টিকাপ্রদানের তথ্য লিপিবদ্ধ করার জন্য নিচের চিত্র অনুযায়ী "Search" ক্লিক করুন।

৬. নিচের চিত্রে প্রদর্শিত মোট ৭টি সার্চ অপশনের যেকোনো এক বা একাধিক অপশন ব্যবহার করে রেজিস্ট্রেশনকৃত শিশুর তথ্য খুঁজে পাবেন। সার্চ অপশনে সংশ্লিষ্ট তথ্য দিয়ে সার্চ " " বাটনে ক্লিক করুন।




## পঞ্চম ধাপ : অকার্যকর (Invalid) ডোজের ক্ষেত্রে ই-ট্র্যাকারে তথ্য প্রদানের নিয়মাবলী


সম্প্রসারিত টিকাদান কর্মসূচির সঠিক সময়সূচি অনুসরণ করে এবং ন্যূনতম বিরতি মেনে শিশুকে নির্দিষ্ট ডোজের টিকা প্রদান করতে হবে, তা না হলে সেই টিকা অকার্যকর হবে এবং এই ডোজটি বাতিল বলে গন্য হবে। এক্ষেত্রে পূর্ববর্তী কার্যকর (Valid) ডোজের পর ন্যূনতম বিরতিতে পুনরায় এই বাতিল ডোজটি দিতে হবে।

অকার্যকর (Invalid) ডোজের ক্ষেত্রে (প্রযোজ্য ক্ষেত্রে) ই-ট্র্যাকারে তথ্য প্রদানের প্রক্রিয়া নিচে দেওয়া হলো:


১. শিশুর টিকার ডোজ অকার্যকর (Invalid) হলে নিচের চিত্র অনুযায়ী ই-ট্র্যাকার স্বয়ংক্রিয়ভাবে অকার্যকর (Invalid) ডোজের সতর্কীকরণ বার্তা প্রদান করবে।





২. পরবর্তীতে এই ডোজটি পুনরায় দেয়ার জন্য নিচের চিত্র অনুযায়ী ই-ট্র্যাকারে স্বয়ংক্রিয়ভাবে এই ডোজের জন্য আরেকটি বক্স আসবে (১)। পুনরায় এই ডোজটি দেওয়ার সময়সূচি ঠিক করতে নিচের চিত্রে প্রদর্শিত স্থান (২) এ ক্লিক করুন।



৩. সময়সূচি অনুযায়ী তারিখ নির্বাচন করার জন্য নিচের চিত্র অনুযায়ী একটি বক্স আসবে। এই বক্সের তারিখের ঘরে ক্লিক করুন এবং ক্যালেন্ডার থেকে আপনার পরবর্তী টিকাদান সেশনের সময়সূচি অনুযায়ী তারিখ নির্বাচন করুন।




৪. তারিখ নির্বাচন করার পর নিচের চিত্র অনুযায়ী এই ডোজের টিকাদানের তথ্য প্রদানের বক্স আসবে। পূর্বে উল্লেখিত ধাপসমূহ অনুসরণ করে বা পূর্বের নিয়ম অনুযায়ী পরবর্তীতে টিকাদানের তথ্য প্রদান করবেন।




যেকোনো অকার্যকর ডোজের ব্যবস্থাপনা হিসাবে পরবর্তীতে শিশুকে সঠিক ডোজ প্রদান করুন এবং তথ্য প্রদানের ক্ষেত্রে উপরে বর্ণিত ধাপসমূহ অনুসরণ করুন। মনে রাখবেন, অকার্যকর ডোজের সতর্কীকরণ বার্তা পাওয়ার পর যে ডোজটি অকার্যকর হয়েছে তা পুনরায় প্রদান করতে হবে। এর জন্য আপনি অবশ্যই "Invalid Dose correction"-এর সময়সূচি আপনার পরবর্তী সেশনের সময়সূচি অনুযায়ী নির্ধারণ করবেন।

৫. অকার্যকর ডোজের ব্যবস্থাপনা হিসাবে পরবর্তীতে শিশুকে সঠিক ডোজ প্রদানের পর তথ্য প্রদানের জন্য উপরে বর্ণিত "চতুর্থ ধাপ: ই-ট্র্যাকারে নিবন্ধিত শিশুর টিকা প্রাপ্তির তথ্য প্রদানের নিয়মাবলী" অনুসরণ করুন।

# অধ্যায় : ৪

## তদারককারীগণের দায়িত্ব

১. ই-ট্র্যাকারে রেজিস্ট্রেশনকৃত সকল শিশুর তথ্য যাচাই করবেন এবং উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করবেন।

২. সেশন অনুযায়ী সকল শিশুর টিকার তথ্য সঠিকভাবে লিপিবদ্ধ করা হয়েছে কিনা তা মনিটর করবেন।

৩. কোনো অকার্যকর টিকা দেয়া হলে পরবর্তীতে ওই অকার্যকর টিকার ডোজটি পুনরায় দেয়া হয়েছে কিনা তা মনিটর করবেন এবং উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করবেন।

৪. মাসিক সমন্বয় সভায় এই সকল বিষয়সমূহ পর্যালোচনা করবেন।

৫. ই-ট্র্যাকারের তথ্য, DHIS-2 তে প্রদানকৃত তথ্য এবং মাসিক টিকাদান রিপোর্টের তথ্য যাচাই করবেন এবং পরবর্তী পদক্ষেপ নিবেন।

## শিশুদের নিয়মিত টিকাদান সময়সূচি

| রোগের নাম | টিকার নাম | টিকার ডোজ | ডোজের সংখ্যা | ডোজের মধ্যে ন্যূনতম বিরতি | টিকা দেয়ার সঠিক সময় | টিকাদানের স্থান | টিকার প্রয়োগ পথ |
|---|---|---|---|---|---|---|---|
| যক্ষ্মা | বিসিজি | ০.০৫ এম এল | ১ | - | জন্মের পর থেকে | বাম বাহুর উপরের অংশে | চামড়ার মধ্যে |
| ডিফথেরিয়া, হুপিংকাশি, ধনুষ্টংকার, হেপাটাইটিস-বি, হিমোফাইলাস ইনফ্লুয়েঞ্জা-বি | পেন্টাভ্যালেন্ট টিকা (ডিপিটি, হেপাটাইটিস-বি, হিব) | ০.৫ এম এল | ৩ | ৪ সপ্তাহ | ৬ সপ্তাহ ১০ সপ্তাহ ১৪ সপ্তাহ | বাম উরুর মধ্যভাগের বহিরাংশে | মাংসপেশী |
| নিউমোকক্কাল নিউমোনিয়া | পিসিভি টিকা | ০.৫ এম এল | ৩ | ৪ সপ্তাহ | ৬ সপ্তাহ ১০ সপ্তাহ ১৪ সপ্তাহ | ডান উরুর মধ্যভাগের বহিরাংশে | মাংসপেশী |
| পোলিওমাইলাইটিস | বিওপিভি | ২ ফোঁটা | ৩ | ৪ সপ্তাহ | ৬ সপ্তাহ ১০ সপ্তাহ ১৪ সপ্তাহ | মুখে | মুখে |
| | আইপিভি (ফ্রাকশনাল) | ০.১ এম এল | ২ | ৮ সপ্তাহ | ৬ সপ্তাহ ১৪ সপ্তাহ | ডান বাহুর উপরের অংশে | চামড়ার মধ্যে |
| হাম ও রুবেলা | এমআর টিকা | ০.৫ এম এল | ২ | - | ৯ মাস ও ১৫ মাস বয়স পূর্ণ হলে | ডান উরুর মধ্যভাগের বহিরাংশে | চামড়ার নীচে |

আপনার শিশুকে টিকা দিন

World Health Organization
Bangladesh

Gavi
The Vaccine Alliance

unicef